

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

Website: www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং- ১১

তারিখ ২০ শ্রাবণ, ১৪১৬
০৪ আগষ্ট, ২০০৯

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

কারেন্সী নোট আমদানী ও রপ্তানী ।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৯৪৭ এর ৮(১) ধারা ও ২ মে, ১৯৪৯ তারিখের সরকারী প্রজ্ঞাপন নং এফ ১(৮)-ই এফ/৪৯ দ্বারা অর্পিত এখতিয়ারসূত্রে বাংলাদেশ ব্যাংকের ১২ নভেম্বর, ১৯৯৪ তারিখের প্রজ্ঞাপন নং এফই-২/৯৪ বিবি-এর সূত্রে বিদেশ হতে বাংলাদেশে আগমনকালে শুদ্ধ কর্তৃপক্ষের নিকট বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ফরমে ঘোষণা প্রদান না করে সংগে আনয়নযোগ্য বাংলাদেশী কারেন্সীর পরিমাণ মাথাপিছু টাঃ ৫০০/- থেকে টাঃ ২০০০/- এ উন্নীত করা হলো এবং একই আইনের ৮(২) ধারা দ্বারা অর্পিত এখতিয়ারসূত্রে বাংলাদেশ ব্যাংকের ১২ নভেম্বর, ১৯৯৪ তারিখের প্রজ্ঞাপন নং এফই-১/৯৪-বিবি-এর সূত্রে ঘোষণা ব্যতিরেকে সংগে আনা বাংলাদেশী কারেন্সী বাংলাদেশ থেকে বহির্গমনকালে সংগে বহনের সীমাও টাঃ ৫০০/- থেকে টাঃ ২০০০/- এ উন্নীত করা হলো ।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ০৪ আগষ্ট, ২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং- এফই-০১/০৯-বিবি অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রিত হলো ।

০২। গাইড লাইস ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স ২০০৯ প্রথম খন্ডের ষষ্ঠ অধ্যায়ের ১নং ও ৯নং অনুচ্ছেদের নির্দেশাবলী এতদনুসারে সংশোধিত বিবেচিত হবে ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে উপরোল্লিখিত বিষয়টি অবহিত করবেন । ইত্যবসরে অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এফইপিডি সার্কুলার নং- ১১

তারিখ ২০ শ্রাবণ, ১৪১৬
০৪ আগষ্ট, ২০০৯

বাংলাদেশ ব্যাংকের সকল অফিস,

আপনাদের এলাকাধীন সকল অনুমোদিত ডিলার ব্যাংকের নিকট উপরোক্ত এফ,ই সার্কুলার নং-১১, তারিখ-০৪ আগষ্ট, ২০০৯ বিতরণ করার জন্য অনুরোধ জানানো হলো ।

(খন্দকার আব্দুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৭১২০৩৭৫